# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
### গণগ্রন্থাগার অধিদপ্তর

শাহবাগ, ঢাকা।
www.publiclibrary.gov.bd, Fax #58611775

নং:৪৩.২৬.০০০০.০০১.১১.৭২৫.১৬(অংশ-১).১৭৬ তারিখ: ২৮.০১.২০১৮

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়মিত কাঠামোভুক্ত রাজস্ব খাতে নিম্নবর্ণিত পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা | যেসকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|
| ০১. | জুনিয়র লাইব্রেরিয়ান<br>টা: ১১৩০০-২৭৩০০/-<br>(গ্রেড-১২) | ০৭টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে অন্যূন ২য় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) গ্রন্থাগার বিজ্ঞান অথবা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা;<br>(গ) কোন সরকারি বা আধা-সরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বৎসরের কাজের অভিজ্ঞতা। | ক্রমিক নং ০১-০৮ এ উল্লিখিত পদসমূহে নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, টাঙ্গাইল, জামালপুর, নেত্রকোনা, শেরপুর,. বান্দরবান, চাঁদপুর, খাগড়াছড়ি, নোয়াখালী, রাঙ্গামাটি, নাটোর, দিনাজপুর, কুড়িগ্রাম, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, মাগুরা, নড়াইল, সাতক্ষীরা, কুষ্টিয়া, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা ও পটুয়াখালী জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
| ০২. | রিডিংহল এ্যাসিসটেন্ট<br>টা: ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০২ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাস।<br>(খ) কোন সরকারি বা আধা সরকারি প্রতিষ্ঠানে এ কাজে বাস্তব অভিজ্ঞতা। | |
| ০৩. | পাঠকক্ষ সহকারী-কাম-রেফারেন্স সহকারী<br>টা: ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০১ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাস।<br>(খ) কোন সরকারি বা আধা-সরকারি প্রতিষ্ঠানে এ কাজে বাস্তব অভিজ্ঞতা। | |
| ০৪. | পাঠকক্ষ সহকারী<br>টা: ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০১ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাস।<br>(খ) কোন সরকারি বা আধা সরকারি প্রতিষ্ঠানে এ কাজে বাস্তব অভিজ্ঞতা। | |
| ০৫. | লাইব্রেরি এ্যাসিসটেন্ট<br>টা: ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৭ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সসম্পন্ন। | |
| ০৬. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টা: ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০২ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজিতে ২৮ শব্দের গতি সম্পন্ন হতে হবে।<br>(গ) কম্পিউটার অপারেটিং এ এ্যাপটিটিউড টেষ্টে উত্তীর্ণ হতে হবে। | |
| ০৭. | একাউন্টস এ্যাসিসটেন্ট<br>টা: ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি। | |
| ০৮. | ক্যাশিয়ার<br>টা: ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি। | |
| ০৯. | অফিস সহায়ক (বুকসর্টার)<br>টা: ৮৫০০-২০৫৭০/-<br>(গ্রেড-১৯) | ০৪টি | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ক্রমিক নং ০৯-১৭ এ উল্লিখিত পদসমূহে মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, বান্দরবান, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, খাগড়াছড়ি, নোয়াখালী, রাংগামাটি, সিরাজগঞ্জ, নাটোর, বগুড়া, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, বরিশাল, ভোলা, ঝালকাঠী, পিরোজপুর, বরগুনা ও পটুয়াখালী জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
| ১০. | বুকসর্টার (অফিস সহায়ক)<br>টা: ৮৫০০-২০৫৭০/-<br>(গ্রেড-১৯) | ০২টি | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১১. | বুকসর্টার<br>টা: ৮৫০০-২০৫৭০/-<br>(গ্রেড-১৯) | ০২টি | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১২. | অফিস সহায়ক<br>টা: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ০৩টি | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১৩. | নিরাপত্তা প্রহরী<br>টা: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ০৪ টি | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১৪. | অফিস সহায়ক-কাম-নিরাপত্তা প্রহরী<br>টা: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ০৩টি | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১৫. | অফিস সহায়ক/ নিরাপত্তা প্রহরী<br>টা: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ০১টি | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১৬. | মালী<br>টা: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ০২টি | অষ্টম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। | |
| ১৭. | পরিচ্ছন্নতা কর্মী<br>টা: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ০১টি | অষ্টম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। | |

শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন:

| ক্র: নং | পদের নাম ও বেতনস্কেল | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা | যেসকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১৮. | জুনিয়র লাইব্রেরিয়ান<br>টা: ১১৩০০-২৭৩০০/-<br>(গ্রেড-১২) | ০২টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে অন্যূন ২য় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) গ্রন্থাগার বিজ্ঞান অথবা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা;<br>(গ) কোন সরকারি বা আধা-সরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বৎসরের কাজের অভিজ্ঞতা। | ক্রমিক নং ১৮-২১ এ উল্লিখিত পদসমূহে সকল জেলার মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ১৯. | টেকনিক্যাল এ্যাসিসটেন্ট (ক্যাটালগার)<br>টা: ১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০৩টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা।<br>(গ) কোন সরকারি বা আধা-সরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে ২ (দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা। | |
| ২০. | রেফারেন্স সহকারী<br>টা: ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০১ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাস।<br>(খ) কোন সরকারি বা আধা-সরকারি প্রতিষ্ঠানে এ কাজে বাস্তব অভিজ্ঞতা। | |
| ২১. | লাইব্রেরি এ্যাসিসটেন্ট (রিডিং হল এ্যাসিসটেন্ট)<br>টা: ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০৩ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাস।<br>(খ) কোন সরকারি বা আধা সরকারি প্রতিষ্ঠানে এ কাজে বাস্তব অভিজ্ঞতা। | |

## শর্তাবলি:

(১) প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর (২৮.০১.২০১৮ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং ২৮.০২.২০১৮ তারিখ পর্যন্ত সর্বোচ্চ ৩০ বছর)। তবে মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র বা কন্যা এবং শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

(২) নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসমূহ পূরণের ক্ষেত্রে সরকারের সবশেষ প্রচলিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

(৩) বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(৪) অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

(৫) আবেদনপত্রে পরিবেশিত কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে নিয়োগ বাতিল করতে পারবেন।

(৬) চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং অগ্রিম কপি নির্ধারিত তারিখের অফিস চলাকালীন সময়ের মধ্যে কেবলমাত্র ডাকযোগে/কুরিয়ার সার্ভিসযোগে পৌঁছাতে হবে।

(৭) আবেদনকারীকে অবশ্যই আবেদন পত্রের সাথে আবেদনকারীর নাম, ঠিকানা, প্রয়োজনীয় স্ট্যাম্প (জি.ই.পি/রেজিস্টার্ড) সংযুক্ত করে ফেরত খাম (১০″ × ৪″) প্রেরণ করতে হবে।

(৮) খামের উপর বামপার্শ্বে পদের নাম, নিজ জেলা এবং বিশেষ কোটার নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(৯) ক্রমিক নং ০১-০৮ ও ১৮-২১ এ উল্লিখিত পদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক ০৯ থেকে ১৭ এ উল্লিখিত পদের ক্ষেত্রে ৫০/- (পঞ্চাশ) টাকা কোড নং ১-৩৪৩৫-০০০০-২০৩১ ট্রেজারী চালানের মাধ্যমে "মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা" এর অনুকূলে জমা দিয়ে চালানের মূল কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(১০) সাক্ষাৎকার গ্রহণের সময় প্রতিটি সনদপত্রের মূলকপি দেখাতে হবে এবং আবেদনে উল্লিখিত সকল সনদপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

(১১) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক তার পূর্ব কার্যকলাপ যাচাই ও স্বাস্থ্যগত উপযুক্ততার সনদপত্র প্রাপ্তি সাপেক্ষে চাকুরিতে নিয়োগ দেয়া হবে।

(১২) আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

(১৩) নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসংখ্যা প্রয়োজনে হ্রাস-বৃদ্ধি হতে পারে।

(১৪) এ নিয়োগ বিজ্ঞপ্তি যে কোন সময় বাতিল/পরিবর্তন/সংশোধন/স্থগিত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(১৫) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন করতে হবে। চাকুরির আবেদন ফরম প্রাপ্তির ঠিকানা: www.publiclibrary.gov.bd এছাড়াও জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mopa.gov.bd থেকে চাকুরির আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

(১৬) উপরিউক্ত শর্তাধীনে দরখাস্ত করতে আগ্রহী প্রার্থীগণকে **"মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ১০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা-১০০০"** বরাবর আগামী ২৮.০২.২০১৮ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে কেবলমাত্র ডাকযোগে/কুরিয়ার সার্ভিসযোগে দরখাস্ত পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২৮/০১/২০১৮

(আবদুল্লাহ হারুন পাশা)
পরিচালক (যুগ্মসচিব)

স-২৮০ (২০×৪)